গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সাদুল্লাপুর, গাইবান্ধা।
www.acl.sadullapur.gaibandha.gov.bd

স্মারক নং-৩১.৫৫.৩২৮২.০০১.০৬.০০১.২৩-১৬ তারিখ ঃ ০১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয় (সায়রাত-১), ঢাকার স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-০১)-৬৬২, তারিখঃ ০২/১১/২০২৩ খ্রি. মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী জেলা এবং উপজেলা থেকে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ তিন (০৩) বছর মেয়াদে ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করায় গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন ২০(বিশ) একর পর্যন্ত আয়তনের নিম্নলিখিত সরকারি জলমহাল ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শুধুমাত্র প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট থেকে নির্দিষ্ট ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নং | জলমহালের আয়তন (জমির পরিমাণ একরে) | সরকারি মূল্য (তিন বছরের জন্য প্রযোজ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | হাতিশালার বিল | বড় ছত্রগাছা | ৯২ | ০.৪৪ একর | ২,৮৬,৬৫০/- | উল্লেখ্য যে, আবেদন/দরপত্র দাতাকে দরপত্রের উদ্বৃত্ত মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন/ দরপত্রের সাথে জামানত হিসেবে জমা দিতে হবে। জামানতের অর্থ ইজারা মূল্য পরিশোধের সময় সমন্বয় করা হবে। গৃহীত অর্থ দরদাতাকে ডাকের উপর ১৫% হারে মূল্য সংযোজন কর ও ১০% হারে আয়কর হিসেবে জমা দিতে হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য https://sadullapur.gaibandha.gov.bd/ও (http//acl.sadullapur.gaibandha.gov.bd) এই ওয়েবসাইট হতে জানা যাবে। |
| | | | ২৫০ | ২.৫১ একর | | |
| | | নিজপাড়া | ১৩৬৬ | ৩.৫৩ একর | | |
| | | | ১৪৭৮ | ১.০০ একর | | |
| | | উত্তরপাড়া | ৩৪৩ | ৫.২২ একর | | |
| | | | মোট | ১২.৭০ একর | | |
| ০২ | চেরেঙ্গা বিল | গোবিন্দরায় দেবত্তর | ৬৪২ | ০৭.৫০ একর | ৪,২০,০০০/- | |
| ০৩ | ধারাই বিল | ধারাই | ৩৬৯ | ০২.২৫ একর | ৪,০৯৫/- | |
| ০৪ | সরবর/আদর্শ পুকুর | জয়েনপুর | ৪৪৬/৬৩৮ | ০.৫০ একর | ১,৭০,৪১৫/- | |
| | | | ৬১২/৬২৩ | ১.৫৪ একর | | |
| | | লক্ষীপুর | ৫৫১ | ১.১৪ একর | | |
| | | | ৫৫০/৫৫৩ | ১.১০ একর | | |
| | | | ৫৮১ | ০.৪৫ একর | | |
| | | | মোট | ৪.৭৩ একর | | |
| ০৫ | লাহিড়ীর বিল | শ্রীরামপুর | ২১২৭ | ৭.৪২ একর | ৩,৩১,১৭০/- | |

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউল ঃ-

| ক্র: নং | তারিখ ও সন | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০৯ মাঘ, ১৪৩০ হতে ০৫ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত অর্থাৎ ২৩/০১/২০২৪ হতে ১৮/০২/২০২৪ খ্রি. পর্যন্ত) | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল |
| ০২ | ০৭ ফাল্গুন, ১৪৩০ হতে ১২ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত অর্থাৎ ২০/০২/২০২৪ হতে ২৫/০২/২০২৪ খ্রি. পর্যন্ত | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ১৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দের মধ্যে অর্থাৎ ২৯/০২/২০২৪ খ্রি. এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪ | ২৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দের মধ্যে অর্থাৎ ১০/০৩/২০২৪ খ্রি. এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন এবং অনুমোদন। |
| ০৫ | ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দের মধ্যে অর্থাৎ ২৪/০৩/২০২৪ খ্রি. এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ১৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দের মধ্যে অর্থাৎ ৩১/০৩/২০২৪ খ্রি. এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ২৩ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দের মধ্যে অর্থাৎ ০৮/০৪/২০২৪ খ্রি. এর মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ অর্থাৎ ১৪/০৪/২০২৪ খ্রি.। | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

## শর্তাবলী

০১। ইজারার নির্ধারিত আবেদন ফরম আগামী ০৯ মাঘ হতে ০৫ ফাল্গুনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা বরাবর ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) মূল্যে উপজেলা ভূমি অফিস, সাদুল্লাপুর, গাইবান্ধা হতে ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখের মধ্যে ইজারার আবেদন ফরম ক্রয় করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে এ কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

০২। অনলাইনে আবেদনের সাথে মৎস্যজীবী সংগঠন/সমিতির রেজিস্ট্রেশনের কপি, গঠনতন্ত্রের কপি, অডিট রিপোর্ট, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, নির্বাচিত কমিটি ও সমিতির সকল সদস্যের ছবিসহ নামের তালিকা, জাতীয় পরিচয়পত্র, মৎস্যজীবী কার্ড, মোবাইল নম্বর ও ঠিকানা, সমিতির সভার কার্যবিবরনী, মৎস্যচাষের তিন বছর মেয়াদী পরিকল্পনার রুপরেখা, উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিবেদন এবং সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।

০৩। জামানত স্বরুপ আবেদনের সাথে উদ্ধৃত ইজারা মূল্যের উপর ২০% হারে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা বরাবরে ব্যাংক ড্রাফট/পে অর্ডার দাখিল করতে হবে।

০৪। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা গ্রহণে অগ্রাধিকার পাবে। কোন মৎস্যজীবী সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত গ্রহণ করতে পারবে না।

০৫। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাবলী এ বিজ্ঞপ্তির শর্ত হিসেবে প্রযোজ্য হবে।

০৬। ইজারাগ্রহীতা সমিতিকে ২৩ চৈত্রের মধ্যে নির্ধারিত কোডে ইজারা মূল্য, নির্ধারিত হারে ভ্যাট ও আয়করের টাকা জমা প্রদান করতে হবে এবং চুক্তি সম্পাদন করতে হবে।

০৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

০৮। জলমহাল ইজারা গ্রহণের বিধি-বিধান ও অন্যান্য শর্তাবলী এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

স্বাক্ষরিত/-
মোঃ কাওছার হাবীব
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাদুল্লাপুর, গাইবান্ধা।

স্মারক নং-৩১.৫৫.৩২৮২.০০১.০৬.০০১.২৩-১৬(৩৬)

তারিখ ঃ ০১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩১-গাইবান্ধা-৩।
০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৪। সহকারী কমিশনার (ভূমি), সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৫। উপজেলা কৃষি অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৬। উপজেলা মৎস্য অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা ।
০৭। অফিসার ইনচার্জ, সাদুল্লাপুর থানা, সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৮। উপজেলা সমাজসেবা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
০৯। উপজেলা সমবায় অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা ।
১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা।
১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা।
১২। চেয়ারম্যান.............................................................................................................ইউপি(সকল), সাদুল্লাপুর, গাইবান্ধা।
১৩। সভাপতি/সম্পাদক.......................................................................................মৎস্যজীবী সমবায় সমিতি, সাদুল্লাপুর, গাইবান্ধা।
১৪। জনাব,..................................................................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, সাদুল্লাপুর, গাইবান্ধা।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)........................................................................ইউনিয়ন ভূমি অফিস, সাদুল্লাপুর, গাইবান্ধা। তাকে হাট-বাজারসমূহে ঢোলসহরতের মাধ্যমে উপর্যুক্ত বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য বলা হলো ।
১৬। সম্পাদক.................................................................পত্রিকা, তাকে উক্ত বিজ্ঞপ্তি একদিনের জন্য সাশ্রয়ী আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্রাফিসে ০৩ (তিন) কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

স্বাক্ষরিত/-
মোঃ কাওছার হাবীব
উপজেলা নির্বাহী অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।
ফোন নং ০৫৪২৫-৫৬০০১